গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫৪.২১.১১৫ তারিখঃ ৬ /০৪/২০২২ খ্রিষ্টাব্দ

**অফিস আদেশ**

যেহেতু, কাজী হুমায়ুন কবির, পিতাঃ নুরুল ইসলাম, অফিস সহায়ক, রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী তার সাবেক কর্মস্থল পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার গাবতলী, বগুড়ায় কর্মরত থাকাকালীন ২০/০১/২০২০ খ্রিঃ তারিখ ও ২১/০১/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ (দুই) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে বাড়ি যান। অতপর কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত ২২/০১/২০২০ খ্রিঃ তারিখ হতে ০৭/১২/২০২০ খ্রিঃ পর্যন্ত মোট ৩১৯ (তিনশত উনিশ) দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণ এবং ২(চ) বর্ণিত পলায়নের অভিযোগে এ অধিদপ্তরের ১৪/১২/২০২১ খ্রিঃ তারিখের ৫০৪ নং স্মারকে তার বিরুদ্ধে ০৪৩/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

৩। যেহেতু, রুজুকৃত বিভাগীয় মামলায় তিনি ০২/০১/২০২২ খ্রিঃ তারিখ কারণ দর্শানোর জবাব দাখিল করেন। উক্ত জবাব পর্যালোচনায় ও গত ১৬/০২/২০২২ খ্রিঃ তারিখে গৃহীত ব্যক্তিগত শুনানি অন্তে প্রমাণিত হয় যে, অভিযুক্ত কর্মচারী ২২/০১/২০২০ খ্রিঃ তারিখ হতে ০৭/১২/২০২০ খ্রিঃ পর্যন্ত মোট ৩১৯ (তিনশত উনিশ)দিন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিত ছিলেন;

৪। যেহেতু, অভিযুক্ত কর্তৃক কর্মস্থলে ৩১৯ (তিনশত উনিশ) দিন অনুপস্থিতির কারণে দায়িত্বে অবহেলা ও পলায়নের অপরাধ তথা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক নিঃসন্দেহে অসদাচরণ ও পলায়নের অপরাধ প্রমাণিত হয়েছে;

৫। সেহেতু, কাজী হুমায়ুন কবির, পিতাঃ নুরুল ইসলাম, অফিস সহায়ক, রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী (সাবেক কর্মস্থল পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার গাবতলী, বগুড়া) কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি মোতাবেক তিরস্কার দন্ড প্রদান করা হলো। বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫৪.২১.১১৫/১(৭) তারিখঃ ৬/০৪/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। পরিচালক (প্রশাসন/ অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। অধ্যক্ষ, রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী।
৪। কো-অর্ডিনেটর, পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার, গাবতলী, বগুড়া।
৫। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ ও পিডিএস হালনাগাদের জন্য)
৬। কাজী হুমায়ুন কবির, পিতাঃ নুরুল ইসলাম, অফিস সহায়ক, রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী (সাবেক কর্মস্থল পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার গাবতলী, বগুড়া)।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৬/৪/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)